গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১৩১.১১.১৩৬.৮৬-১৪৬

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

বিষয়: **শেরপুর জেলার নকলা উপজেলার ০৬ নং পাঠাকাঠা ইউনিয়নে তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর কর্তৃক জনাব মঈনুল হক অনিমকে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসাবে প্রদত্ত নিয়োগ বাতিলসহ জেলা রেজিস্ট্রার কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী কোন শূন্য অধিক্ষেত্রে স্থায়ী বা অস্থায়ীভাবে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের একচ্ছত্র ক্ষমতা সরকারের। এরূপ নিয়োগ আবশ্যিকভাবে সরকারের পক্ষে আইন ও বিচার বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে। এছাড়া, বর্ণিত বিধিমালার বিধি ৬ মোতাবেক প্রার্থী বাছাই এবং স্থায়ী লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের পুত্র-কে বিধি ৮ মোতাবেক অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার প্রদানের বিধান রয়েছে যা অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর জনাব নূর নেওয়াজ গত ১০/০৬/২০২৪ খ্রি. তারিখের ১০.০৫.৮৯০০.০০৩.১১.০০১.২৪.২২১(৫) নং স্মারকমূলে জনাব মঈনুল হক অনিম-কে সাবেক নিকাহ রেজিস্ট্রারের পুত্র হিসেবে ০৬ নং পাঠাকাঠা ইউনিয়নের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসেবে নিয়োগ প্রদান করে সম্পূর্ণ বিধি বহির্ভূত কাজ করেছেন। ফলে, এরূপ এখতিয়ার বহির্ভুতভাবে ইস্যুকৃত পত্রটি সৃষ্টি থেকে অকার্যকর (stillborn) ও আইনগতভাবে অস্তিত্বহীন (*non est*) বিধায় বর্ণিত পত্রটি বাতিলপূর্বক জনাব মঈনুল হক অনিমের নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং উক্ত ০৬ নং পাঠাকাঠা ইউনিয়নের শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

পাশাপাশি, উক্ত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর/সাব-রেজিস্ট্রার, নকলা, শেরপুর-কে অবহিত করা হলো।

(খ) একইসাথে, সাবেক জেলা রেজিস্ট্রার, শেরপুর কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ, (বর্তমান জেলা রেজিস্ট্রার, ভোলা) কোন আইনগত কর্তৃত্ব না থাকা সত্ত্বেও সম্পূর্ণ বিধি বহির্ভূতভাবে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগ প্রদান করায় এবং জেলা রেজিস্ট্রারের প্রশাসনিক নিয়ন্ত্রণ এ শাখার এখতিয়ারাধীন না হওয়ায় তাঁর বিরুদ্ধে চাকরি বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কাগজাদির ছায়ালিপিসহ বিচার শাখা-৬ বরাবর পত্র প্রেরণ করা হলো।

স্বা॰
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

জেলা রেজিস্ট্রার,
শেরপুর।

নং-১০.০০.০০০০.১৩১.১১.১৩৬.৮৬-১৪৬(১২)

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। (উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ময়মনসিংহ।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, নকলা, শেরপুর।
১০. অফিসার ইনচার্জ, নকলা থানা, শেরপুর।
১১ জনাব মঈনুল হক অনিম, পিতা-মৃত জিকরুল হক, ০৬ নং পাঠাকাঠা ইউনিয়ন, উপজেলা-নকলা, জেলা-শেরপুর।
১২. অফিস কপি/গার্ড ফাইল।

২৭/০৮/২০২৬
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব